

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ৩, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
বিশেষ আদেশ

তারিখ : ২৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/১২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

নং ০৭/মূসক/২০২০—যেহেতু, পুস্তক শিক্ষা ব্যবস্থার একটি মৌলিক উপকরণ এবং শিক্ষা ব্যবস্থা ও সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। এছাড়া, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর প্রথম তফসিলের দ্বিতীয় খণ্ডের অনুচ্ছেদ-৩ এর উপ-অনুচ্ছেদ (খ) এ সংস্কৃতি সংশ্লিষ্ট সেবা হিসেবে পুস্তককে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, পুস্তক ভাষা ও সাহিত্যের গবেষণা এবং স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাঠ্য সহায়ক হিসেবে ব্যবহৃত হইয়া থাকে, যা শিক্ষার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়া থাকে;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, সকল ধরনের বই বিক্রয়ের ক্ষেত্রে (যোগানদার ব্যতীত) প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(২৯৪৭)

মূল্য : টাকা ৪.০০